রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২১, ২০১২

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২১ জুন, ২০১২/৭ আষাঢ়, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২১ জুন, ২০১২/ ৭ আষাঢ়, ১৪১৯ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

## ২০১২ সনের ২২ নং আইন

## অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ (সংশোধন) আইন, ২০১২ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৯ মে, ২০১২ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।



মূল্য ঃ টাকা ৪.০০

২। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ২ এর সংশোধন** : অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর দফা (ট) তে দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৩। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৬ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৬তে দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৭ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৭ এ তিনবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৫। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৯ এর সংশোধন**।—উক্ত আইন এর ধারা ৯ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "১৫০ (একশত পঞ্চাশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "৩০০ (তিনশত)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ৯ক এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ৯ক এর উপ-ধারা (১) এ উল্লিখিত "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১০ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১০ এর উপ-ধারা (১) এ উল্লিখিত "৯০ (নব্বই)" সংখ্যা, বন্ধনী ও শব্দের পরিবর্তে "১২০ (একশত বিশ)" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৮। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১২ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১২তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৯। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৩ এর সংশোধন**।—উক্ত আইনের ধারা ১৩ এর—

(ক) উপান্তটীকায় উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে;

(খ) উপ-ধারা (১) এ দুইবার উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(গ) উপ-ধারা (২) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৪ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৪ এর উপান্তটীকায় উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য" শব্দটির পরিবর্তে "অর্পিত" শব্দটি প্রতিস্থাপিত হইবে।

১১। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৫ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৫ এর—

(ক) উপ-ধারা (১) এ উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকা" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকা" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) উপ-ধারা (৪) এ উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১২। **২০০১ সনের ১৬ নং আইনের ধারা ১৭ এর সংশোধন।**—উক্ত আইনের ধারা ১৭ এর—

(ক) দফা (খ) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) দফা (গ) তে উল্লিখিত "প্রত্যর্পণযোগ্য সম্পত্তির তালিকায়" শব্দগুলির পরিবর্তে "অর্পিত সম্পত্তির তালিকায়" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

**মোঃ মাহ্‌ফুজুর রহমান**
ভারপ্রাপ্ত সচিব।

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd